

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯৪৯ হাঁচি ও তার জবাবদান পরিচ্ছেদঃ ৪২৬- পুরুষ লোকের নারীর হাঁচির জবাব দেয়া।

আরবী

বাংলা

৯৪৯। আবু বুরদা (রহঃ) বলেন, আমি আবু মূসা (রাঃ) এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি ইবনে আব্বাস (রাঃ) এর মাতা উম্মুল ফাদল (রাঃ)-এর ঘরে ছিলেন। আমি হাঁচি দিলাম কিন্তু তিনি তার জবাব দেননি। অথচ উম্মুল ফাদল (রাঃ) হাঁচি দিলে তিনি তার জবাব দিলেন। আমি (ফিরে এসে) আমার মাতাকে এই কথা জানালাম। অতঃপর আবু মূসা (রাঃ) আমার মায়ের কাছে এলে তিনি অভিযোগ করে বলেন, আমার ছেলে হাঁচি দিয়েছিল, কিন্তু আপনি তার জবাব দেননি। অথচ উম্মুল ফাদল (রাঃ) হাঁচি দিলে আপনি তার জবাব দিয়েছেন।

আবু মূসা (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ "তোমাদের কোন ব্যক্তি হাঁচি দিয়ে আল্লাহর প্রশংসা করলে তোমরা তার জবাব দিও। আর যদি সে আল্লাহর প্রশংসা না করে তবে তোমরা তার জবাব দিও না"। আমার ছেলেটি (অর্থাৎ আপনার ছেলেটি) হাঁচি দিয়েছে, কিন্তু আলহামদু লিল্লাহ বলেনি, তাই আমিও তার জবাব দেইনি। উম্মূল ফাদল (রাঃ) হাঁচি দিয়েছেন এবং আলহামদু লিল্লাহ বলেছেন। তাই আমিও তার জবাব দিয়েছি। আমার মা বলেন, আপনি ঠিক করেছেন। (মুসলিম, আবু দাউদ, তিরমিযী)

English

Abu Burda said, "I came to Abu Musa while he was in the house of Umm al-



Fadl ibn al-'Abbas and I sneezed and Abu Musa did not wish mercy on me. Umm al-Fadl sneezed and he wished mercy on her. I told my mother, so when Abu Musa came to her, she confronted him and said, 'My son sneezed and you did not wish mercy on him. She (Umm al-Fadl) sneezed and you wished mercy on her.' Abu Musa replied, 'I heard the Prophet, may Allah bless him and grant him peace, say, "When one of you sneezes and praises Allah, you should wish mercy on him, if he does not praise Allah, do not wish mercy on him." My son sneezed and did not praise Allah, so I did not wish mercy on him. She sneezed and praised Allah, so I wished mercy on her.' She said, 'You did well.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন